**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জেলা প্রশাসকের কার্যালয়
বরিশাল
(আইসিটি শাখা)
www.barisal.gov.bd

## বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়ন সংক্রান্ত অভ্যন্তরীণ কমিটির জুলাই/২০২২ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব জসীম উদ্দীন হায়দার, জেলা প্রশাসক, বরিশাল

সভার তারিখ : ১৭ জুলাই ২০২২ খ্রি.

সময় : বিকাল ৪:০০ ঘটিকা

স্থান : জেলা প্রশাসক, বরিশাল এর সম্মেলন কক্ষ

উপস্থিতি : অভ্যন্তরীণ জেলা কমিটির সদস্যগণ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি স্বাগত বক্তব্যে উল্লেখ করেন যে, সরকারি কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি, ফলাফলধর্মী কর্মকান্ডে উৎসাহ প্রদান এবং কর্মকৃতি বা কর্মদক্ষতা মূল্যায়নের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২০১৪-১৫ অর্থবছর হতে সরকারি অফিসসমূহের জন্য “বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)” প্রবর্তন করা হয়। অত:পর সভাপতির সম্মতিক্রমে সহকারী কমিশনার (আইসিটি) বরিশাল জেলার ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) সভায় পাঠ করে শুনান এবং ২০২২-২০২৩ অর্থবছরের ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর) ২০২২ সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় মতামত/সুপারিশ প্রদানের জন্য সকল সদস্যকে আলোচনায় অংশগ্রহণের অনুরোধ জানান। তৎপ্রেক্ষিতে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | **বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ:**<br>বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃঢ়ীকরণ করা যায়। | বিগত সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃঢ়ীকরণ করা হলো। | সদস্য-সচিব ও জেলা কমিটি, বরিশাল |
| ০২ | **সভা আয়োজন ও সভার কার্যবিবরণী স্ব-স্ব ওয়েবপোর্টালে আপলোডকরণ:**<br>এপিএ জেলা কমিটির সদস্যগণের সমন্বয়ে জেলা সভা এবং উপজেলা কমিটির সমন্বয়ে উপজেলা সভা নিয়মিত আয়োজন এবং কার্যবিবরণী স্ব-স্ব ওয়েবপোর্টালে আপলোড নিশ্চিত করার বিষয়ে আলোচনা হয়। | ক. ত্রৈমাসিক ভিত্তিতে জেলা ও উপজেলা কমিটির নিয়মিত সভার আয়োজন করতে হবে।<br>খ. সভার কার্যবিবরণী ওয়েবপোর্টালে আপলোড নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল<br>ও<br>সহকারী কমিশনার আইসিটি শাখা |
| ০৩ | **এপিএ সংক্রান্ত নির্দেশিকা, ২০২২-২০২৩ অনুসরণ:**<br>মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক মন্ত্রণালয়/বিভাগ হতে উপজেলা পর্যায়ের সকল সরকারি অফিসমূহের জন্য একটি সমন্বিত নির্দেশিকা, ২০২২-২০২৩ প্রণয়ন করা হয়েছে। প্রতিটি অফিসে উক্ত নির্দেশিকা অনুসরণপূর্বক কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে আলোচনা হয়। | ২০২২-২০২৩ অর্থবছরের এপিএ জেলা ও উপজেলা পর্যায়ে সকল সরকারি অফিসসমূহে এপিএ সংক্রান্ত নির্দেশিকা, ২০২২-২০২৩ অনুসরণ করতে হবে। | এপিএ কমিটির সদস্য (সকল)<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার (সকল) বরিশাল |
| ০৪ | **২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি :**<br>২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)’র উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল এবং জেলা প্রশাসক, বরিশাল এর মধ্যে স্বাক্ষরিত হয়। উক্ত চুক্তি মোতাবেক শতভাগ কার্যক্রম সম্পন্ন করার | ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর ক্যালেন্ডার মোতাবেক জেলা কমিটির সকল সদস্য এবং উপজেলা নির্বাহী অফিসার | এপিএ কমিটির সদস্য (সকল)<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার (সকল) |

| ক্রম | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০৫ | **ওয়েবপোর্টালে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বক্সটি হালনাগাদকরণ:**<br>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত স্ব-স্ব দপ্তরের ওয়েবপোর্টালে পৃথক বক্স রয়েছে। এ বক্সের তথ্যাদি নিয়মিত হালনাগাদ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল এর ওয়েবপোর্টালে প্রদত্ত "বার্ষিক কর্মসম্পাদন চুক্তি" বক্স এর আদলে ওয়েবপোর্টালে স্ব-স্ব বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত বক্সটি হালনাগাদ করতে হবে। | এপিএ কমিটির সদস্য (সকল)<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার (সকল) বরিশাল |
| ০৬ | **এ কার্যালয়ের ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর, ২০২২) প্রতিবেদন:**<br>মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণয়নকৃত APA'র নির্দেশিকা ও ক্যালেন্ডার অনুযায়ী সংশ্লিষ্ট দপ্তরের ২০২২-২০২৩ অর্থবছরের ১ম ত্রৈমাসিক প্রতিবেদন APAMS সফটওয়্যারে আপলোডকরণের জন্য নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনার আলোকে আপলোড করার জন্য সংশ্লিষ্ট শাখা থেকে ১ম ত্রৈমাসিক প্রতিবেদন প্রমাণকসহ দাখিলের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ২০২২-২০২৩ অর্থবছরের ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর-২০২২) প্রতিবেদন সংশ্লিষ্ট শাখার (দফাওয়ারী জবাবসহ) আইসিটি শাখায় প্রেরণ করতে হবে। | এপিএ কমিটির সদস্য (সকল) |
| ০৭ | **উপজেলা পর্যায়ের ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর-২০২২) প্রতিবেদন:**<br>মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণয়নকৃত APA'র নির্দেশিকা ও ক্যালেন্ডার অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল এর কার্যালয়ের ২০২২-২০২৩ অর্থবছরের ১ম ত্রৈমাসিক প্রতিবেদন APAMS সফটওয়্যারে আপলোডকরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ২০২২-২০২৩ অর্থবছরের উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল এর কার্যালয়ের ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর-২০২২) তথ্য APAMS সফটওয়্যারে আপলোডপূর্বক (দফাওয়ারী জবাবসহ) এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭.৭.২২

(জসীম উদ্দীন হায়দার)
জেলা প্রশাসক
বরিশাল
ফোন : ০২৪৭৮৮৬৪২৫৯
e-mail:dcbarishal@mopa.gov.bd

স্মারক নং-০৫.১০.০৬০০.১২৭.০৫.০০১.২২-১৩৬

তারিখ : ০৩ শ্রাবণ ১৪২৯ / ১৮ জুলাই ২০২২

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।

৪। উপপরিচালক, স্থানীয় সরকার, বরিশাল।

৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/শিক্ষা ও আইসিটি/সার্বিক)/ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বরিশাল।

৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল।

৭। রেভিনিউ ডেপুটি কালেক্টর, বরিশাল।

৮। নেজারত ডেপুটি কালেক্টর, বরিশাল।

০৯। বিভাগীয় বন কর্মকর্তা, বরিশাল।

১০। মো: আতিকুর রহমান, প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বরিশাল- তাকে এ কার্যালয়ের ২০২২-২০২৩ অর্থবছরের (APA) ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর-২০২২) বাস্তাবায়নে সংশ্লিষ্ট সকল-কে সহায়তা করার জন্য অনুরোধ করা হলো।

১১। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, বরিশাল।

১২। জেলা সমাজসেবা অফিসার, বরিশাল।

১৩। জেলা শিক্ষা অফিসার, বরিশাল।

১৪। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বরিশাল।

১৫। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বরিশাল।

১৬। জেলা মৎস্য কর্মকর্তা, বরিশাল।

১৭। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, বরিশাল।

১৮। সহকারী কমিশনার, ,.....................................................(সকল) জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল।

১৯। প্রশাসনিক কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল।

২০। ........................................................................................................., বরিশাল।

18.07.2022

সহকারী কমিশনার
আইসিটি শাখা
জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল